

পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭।

Goods

Tel: ৯১৪৪২৫২-৩, Fax: ৯১৮০৯৬৮, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৫.২৭.৮৮০.১৭ (অংশ-১)- ৬৬৭

তারিখঃ ০৩/০৮/২০১৭

বিষয়ঃ EPI টিকাদান কর্মসূচীতে ব্যবহারের জন্য মেসার্স JMI সিরিজ, PPR-2008 এর ৭৪-৭৬ বিধি মতে ক্রয়ের বিষয়ে মতামত প্রদান।

সূত্রঃ স্বাপকম/স্বাসঃবিঃ/উঃপ্রশাঃ-১/মেডিঃ ডিভাঃ/২০১৭(৮৭)-৩৬; তারিখঃ ৩০/০৭/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকারী ক্রয়ে পণ্য (Goods) ও কার্য (Works) ক্রয়ের জন্য পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ৩১ ও ৩২ ধারা এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৬১ ও ৬২ অনুযায়ী নিম্নবর্ণিত পদ্ধতিসমূহ অনুসরণ করা হয়ঃ

- (১) উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)
- (২) এক ধাপ দুই খাম পদ্ধতি (STTE)
- (৩) সীমিত দরপত্র পদ্ধতি (LTM)
- (৪) দুই পর্যায় বিশিষ্ট দরপত্র পদ্ধতি (TSTM)
- (৫) কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (RFQM)
- (৬) সরাসরি ক্রয় পদ্ধতি (DPM)
- (৭) নগদ ক্রয় (Cash Purchase)

০২। পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর ধারা-৩১ অনুযায়ী ক্রয়ের ক্ষেত্রে উন্মুক্ত দরপত্র পদ্ধতি অগ্র বিবেচ্য পদ্ধতি। উক্ত আইনের ৩২ ধারা অনুযায়ী ক্রয়কারী কার্যালয় প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার অনুমোদনক্রমে কারিগরী অথবা অর্থনৈতিক কারণ যুক্তিযুক্ত বিবেচিত হলে উন্মুক্ত দরপত্র ব্যতীত অন্য যে কোন পদ্ধতি প্রয়োগ করা যায়। আইনের ৩২(খ)(অ) এর বিধান অনুযায়ী কারিগরী কারণে পণ্য, সংশ্লিষ্ট সেবা, কার্য ও ভৌত সেবা সরবরাহের জন্য কেবল একজন দরদাতা থাকলে সেই ক্ষেত্রে সরাসরি ক্রয় পদ্ধতির (DPM) প্রয়োগ করা যাবে।

০৩। উল্লেখ্য যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-৭৫ অনুযায়ী সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) এর অন্যতম চুক্তির ধরণ হচ্ছে সরাসরি চুক্তি (Direct Contracting)। বিধি-৭৬ এ সরাসরি চুক্তির শর্তাবলী উল্লেখ করা হয়েছে। বিধি অনুযায়ী ক্রয়কারী ৭৬(ক) থেকে ৭৬(ট) এ বর্ণিত প্রেক্ষাপটে কেবল একজন সরবরাহকারী বা ঠিকাদারকে দরপত্র দাখিলের আহবান জানাতে পারে।

০৪। 'সরবরাহকারী' অর্থ আইনের অধীন পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের উদ্দেশ্যে ক্রয়কারীর সহিত চুক্তি সম্পাদনকারী 'ব্যক্তি' (বিধি ২(৫২))। 'ব্যক্তি' হচ্ছে ক্রয় কর্মকাণ্ডে অংশগ্রহণে আগ্রহী ব্যক্তি, ব্যক্তিবর্গ, ব্যক্তিমালিকানা প্রতিষ্ঠান, অংশীদারী কারবার, কোম্পানী, সংঘ বা সমবায় সমিতি (বিধি ২(৪১))। আইন ও বিধির ধারণা অনুযায়ী দরদাতা মানেই দরপত্র দাখিলকারী 'ব্যক্তি' অর্থে উপরে বর্ণিত ব্যক্তি/বেসরকারি প্রতিষ্ঠান। তবে সরকারী প্রতিষ্ঠানও দরপত্রে অংশগ্রহণ করতে পারে যদি ঐ প্রতিষ্ঠান আইনগতভাবে এবং আর্থিকভাবে স্বশাসিত হিসেবে প্রমাণ করতে সক্ষম হয় (বিধি-৬১(৩))।

০৫। সরাসরি চুক্তির ক্ষেত্রে বিধি-৭৬ এ বর্ণিত প্রেক্ষাপটসমূহের শুধুমাত্র বিধি-৭৬(১)(ছ) অনুযায়ী বিশেষ ক্ষেত্রে সরকারি মালিকানাধীন শিল্প কারখানা থেকে সরাসরি চুক্তি অনুসরণের সংস্থান আছে। অন্য সকল ক্ষেত্রে সরাসরি চুক্তি ((Direct Contracting) প্রয়োগে বিধি-২(৫২) অনুযায়ী সকল দরদাতাকেই বোঝানো হয়েছে।